



বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
প্রজেক্ট প্ল্যানিং, ডিজাইন ও নেটওয়ার্কিং উপশাখা
প্রধান কার্যালয়ঃ চাঁপাপুর, কুমিল্লা
www.bgdcl.gov.bd



মজিব
শতবর্ষ
100

স্মারক নম্বর: ২৮.১১.০০০০.৪২৩.৩১.০০১.২০.২১৪

তারিখ: ৭ পৌষ ১৪৩০

২২ ডিসেম্বর ২০২৩

বিষয়: মেসার্স ইসলাম এন্ড ব্রাদার্স (তালিকাভুক্তি সনদ নং-৪৫০)-কে কালো তালিকাভুক্তকরণ

কুমিল্লা জেলার দেবিদ্বার উপজেলায় বিজিডিসিএল-এর কর্মরত কর্মচারীদের বিরুদ্ধে জনৈক আবুল কাসেম, মোহনা এলাকা, দেবিদ্বার এর অভিযোগের পরিপ্রেক্ষিতে গঠিত তদন্ত কমিটি কর্তৃক যাচাই-বাছাই ও পরীক্ষা-নিরীক্ষাক্রমে তদন্ত করার সময়, মেসার্স ইসলাম এন্ড ব্রাদার্স, সাং-বানিয়াপাড়া, দেবিদ্বার (তালিকাভুক্তি সনদ নংঃ ৪৫০)-এর প্রতিনিধি জনাব মুজিবুর রহমান গ্রাহক জনাব শাহজাহান সরকারের (গ্রাহক সংকেত নম্বরঃ ১১-ডি-১০৮২৪) রাইজারটি অবৈধভাবে স্থানান্তরের সাথে জড়িত বলে কমিটির নিকট প্রতীয়মান হয়।

আপনি ও আপনার ঠিকাদারি প্রতিষ্ঠান মেসার্স ইসলাম এন্ড ব্রাদার্স (তালিকাভুক্তি সনদ নংঃ ৪৫০), সাং-বানিয়াপাড়া, দেবিদ্বার-এর এহেন কার্যকলাপ কোম্পানীর স্বার্থ, সুনাম, মর্যাদা ও ভাবমূর্তি ক্ষুণ্ণ করেছে, যা আপনার সাথে কোম্পানীর সম্পাদিত চুক্তির/তালিকাভুক্তি তফসিলের সংশ্লিষ্ট ধারা মোতাবেক কালো তালিকাভুক্ত করার অপরাধের সামিল। এতদপ্রেক্ষিতে তদন্ত কমিটির সুপারিশ অনুসারে ও বিজিডিসিএল এর সাথে আপনার সম্পাদিত চুক্তির/তালিকাভুক্তির তফসিলের সংশ্লিষ্ট ধারা অনুযায়ী ও কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে অনির্দিষ্টকালের জন্য বিজিডিসিএল-এ তালিকাভুক্ত আপনার মালিকানাধীন ১.১ শ্রেণীর ঠিকাদারি প্রতিষ্ঠান মেসার্স ইসলাম এন্ড ব্রাদার্স (তালিকাভুক্তি সনদ নংঃ ৪৫০)-কে কালো তালিকাভুক্ত করা হলো।

এছাড়াও, তালিকাভুক্তি তফসিলের সংশ্লিষ্ট ধারা মোতাবেক আপনার ঠিকাদারি প্রতিষ্ঠান মেসার্স ইসলাম এন্ড ব্রাদার্স (তালিকাভুক্তি সনদ নংঃ ৪৫০)-এর ঠিকাদারি লাইসেন্স কেন বাতিল করা হবে না তা অত্র পত্র জারির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে লিখিত ভাবে নিম্ন-স্বাক্ষরকারীকে জানানোর জন্য অনুরোধ করা হলো। অন্যথায়, আর কোন যোগাযোগ ছাড়াই মেসার্স ইসলাম এন্ড ব্রাদার্স (তালিকাভুক্তি সনদ নংঃ ৪৫০)-এর ঠিকাদারি লাইসেন্স বাতিল করা হবে।

২৩-১২-২০২৩

প্রকৌঃ মোস্তফা মাহিন সোহাগ

উপ-মহাব্যবস্থাপক

জনাব মোঃ মোস্তাফিজুর রহমান সরকার, স্বত্বাধিকারী,
মেসার্স ইসলাম এন্ড ব্রাদার্স (তালিকাভুক্তি সনদ নংঃ
৪৫০), সাং-বানিয়াপাড়া, দেবিদ্বার, কুমিল্লা।

স্মারক নম্বর: ২৮.১১.০০০০.৪২৩.৩১.০০১.২০.২১৪/১(১০)


তারিখ: ৭ পৌষ ১৪৩০

২২ ডিসেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে (প্রয়োজ্য ক্ষেত্রে) প্রেরণ করা হল:

১) এমডি এবং সকল ডিভিশনের মহা-ব্যবস্থাপকগণ

- ২) উপ-মহাব্যবস্থাপক, বিক্রয় ডিপার্টমেন্ট, কুমিল্লা, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
৩) উপ-মহাব্যবস্থাপক, প্রশাসন ডিপার্টমেন্ট, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড



২৩-১২-২০২৩

প্রকৌ. অম্লান কুমার দত্ত
ব্যবস্থাপক